

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা- ২ শাখা।
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪২.২০১৩-৪৫৪

তারিখঃ ০৪.১২.২০১৩ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ সাদিয়া নূর, সহকারী সার্জন, খলেয়া ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গংগাচড়া, রংপুর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে ১ম কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ২৮.১১.২০১৩ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

এক্ষণে সেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব, শুনানীতে প্রদত্ত বক্তব্য ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনা পূর্বক ডাঃ সাদিয়া নূর, সহকারী সার্জন, খলেয়া ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গংগাচড়া, রংপুর কে কর্মস্থলে নিয়মিত উপস্থিত থাকার ব্যাপারে সতর্ক করত: তাঁর বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল।



(এ. এম. বদরুদ্দোজা)
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক


বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১৪২.২০১৩-৪৫৪/১(৮)

তারিখঃ- ০৪.১২.২০১৩ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক(এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ এর অনুরোধ করা হল)।
- ৩। উপ-সচিব(পার-৩), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিভিল সার্জন, রংপুর।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৭। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, গংগাচড়া, রংপুর।
- ৮। ডাঃ সাদিয়া নূর, সহকারী সার্জন, খলেয়া ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, গংগাচড়া, রংপুর।



(হাছিনা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

Sasdisc2@mohfw.gov.bd